মনপুরায় গৃহবধূকে তার শিশু সন্তানের সামনেই ধর্ষণ

বোটে করে শ্বশুর বাড়ি যাওয়ার পথে ভোলার মনপুরায় এক গৃহবধূকে তার শিশু সন্তানের সামনেই গণধর্ষণের অভিযোগ ওঠেছে। ধর্ষণের খবর পেয়ে বোটমালিক সাবেক ছাত্রলীগ নেতাও এসে ধর্ষণ করেন বলে অভিযোগ করা হয়। এ ঘটনায় বাদী হয়ে মনপুরা থানায় পাঁচজনকে অভিযুক্ত করে মামলা দায়ের করা হয়।

মনপুরা থানার অফিসার ইনচার্জ (ওসি) সাখাওয়াত হোসেন জানান, বাবার বাড়ি থেকে বেতুয়া লঞ্চঘাট হয়ে শনিবার বেলা সাড়ে ১২টায় স্পিডবোটে ওই গৃহবধূ মনপুরায় শ্বশুর বাড়ি ফিরছিলেন। পথে বোটে থাকা যাত্রী দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের রহমানপুর গ্রামের বেলাল পাটোয়ারী (৩৫), মো. রাসেদ পালোয়ান (২৫), শাহীন খান (২২) ও কিরন (২৬) বোটটি পার্শ্ববর্তী নির্জন চরে নিয়ে যায়। সেখানে আড়াই বছরের শিশু সন্তানের সামনেই গৃহবধূকে তারা ধর্ষণ করে।

ওসি আরো জানান, পরে খবর পেয়ে বোটের মালিক দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি নজরুল ইসলাম (৩০) ঘটনাস্থল গিয়ে গৃহবধূকে ধর্ষণ করেন। তিনি ধর্ষণের ভিডিও ধারণ করেন এবং বিষয়টি নিয়ে কথা বললে সেটি ফেসবুকে ছড়িয়ে দেওয়ারও হুমকি দেন।

এ বিষয়ে জানতে চাইলে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অলি উল্লাহ কাজল জানান, চরে থাকা মহিষের বাথানিয়ারা ঘটনাটি তাকে জানালে তিনি মনপুরা থানার ওসিকে বলেন। পরে সন্ধ্যা সাড়ে ৭টার দিকে চর থেকে পুলিশ ওই গৃহবধূকে উদ্ধার করে মনপুরা থানায় নিয়ে আসে। পুলিশের উপস্থিতি টের পেয়ে ধর্ষকরা পালিয়ে যায়।

মনপুরা থানার ওসি জানান, অভিযুক্তদের গ্রেফতার করতে পুলিশের একাধিক টিম কাজ করছে।